গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির এপ্রিল/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	৩০ এপ্রিল, ২০২৪ খ্রি.
সভার সময়	বেলা ১১:৪৫ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সবাইকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) [অতিরিক্ত দায়িত্ব উন্নয়ন ও আইসিটি], রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u>
সভাপতি কর্তৃক গত ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।</td><td>১। গত ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u>
বিগত ১৯ ডিসেম্বর, ২০২৩ ও ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table><tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr><tr><td>ডিসেম্বর/২৩</td><td>৩৬</td><td>৩৪</td><td>৯৪.৪৪%</td></tr><tr><td>ফেব্রুয়ারি/২৪</td><td>৪৪</td><td>৪২</td><td>৯৫.৪৫%</td></tr></table>
শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
</table>

৩	**আইএমইডি:** জনাব গোলাম মাঈনউদ্দিন হাসান, পরিচালক (উপসচিব), আইএমইডি, জানান যে, যে সকল প্রকল্প এখনো E-PMIS এ অন্তর্ভুক্ত করা হয়নি, সেগুলো জরুরি ভিত্তিতে E-PMIS এ অন্তর্ভুক্ত করা প্রয়োজন। তিনি আরো জানান যে, প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। ভূমি অধিগ্রহণে কার্যক্রম বিলম্বিত হলে চলমান প্রকল্পও বিলম্বিত হয়। তাই ভূমি অধিগ্রহণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য সভায় আলোচনা করা হয়। এছাড়াও যে সকল প্রকল্প ধীরগতির রয়েছে সেগুলো যথাসময়ে সমাপ্ত করার বিষয়ে সভায় সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। চলমান প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য E-PMIS এ নিয়মিত Upload করতে হবে। ২। প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়ের মধ্যেই ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। ৩। যথাসময়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।	১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা ২। জেলা প্রশাসক(সকল) রাজশাহী বিভাগ ৩। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ
৪	**বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, রাজশাহী মহানগর ইউনিট:** বীরমুক্তিযোদ্ধা ডা: মো: আব্দুল মান্নান মহানগর মুক্তিযোদ্ধা সংসদ ভবনের ত্রুটিপূর্ণ কাজের আশু সমাধানের বিষয়ে সভায় আলোচনায় তিনি বলেন রাজশাহী মহানগর মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নির্মাণ কার্যক্রম এলজিআরডি তত্বাবধানে সম্পূর্ণ করা হয়। কিন্তু দুঃখের বিষয় সংসদের বিদ্যুৎ সরঞ্জাম নিম্নমানের যা যেকোন সময় শর্টসার্কিট হয়ে দুর্ঘটনা ঘটার সমূহ সম্ভাবনা আছে। এরকম ঝুঁকিপূর্ণ ভবনে উঠাবসা করা মুক্তিযোদ্ধাদের মাঝে নিরাপত্তা নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। এবং স্যানিটারি ফিটিংস একেবারে ব্যবহারের অযোগ্য, যা এই কয়দিনে রীতিমত জং ধরে গেছে। ওয়্যাশরুমে এডজাস্ট ফ্যানের ব্যবস্থা না থাকায় ব্যবহারের পরিবেশ নাই। ভবনের ওপরে উঠার সিঁড়ির টাইলস এমনভাবে বসানো হয়েছে যে উপর থেকে নীচে নামতে গেলে পা পিচলায়ে পড়ে খামজখম হওয়ার ঝুকি আছে। মুক্তিযোদ্ধা সংসদ ভবনের জমির পরিমান হচ্ছে ৮.২৫ শতাংশ অর্থাৎ ৫ কাঠা। আয়তন হচ্ছে দৈর্ঘ্য-৭০ ফিট প্রস্থ-৫০ ফিট কিন্তু তাদের আশঙ্খা-জমির সীমানা সঠিকভাবে মাপজোখ করা হয়নি। তারা বলেন বিষয়টি আমরা মৌখিকভাবে জানায়েছি এবং লিখিতভাবে নির্বাহী প্রকৌশলী বরাবর জমা দিয়েছি কিন্তু আজ পর্যন্ত কোন পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা তা তাদের অবহিত করা হয়নি। স্থান-সাগরপাড়া, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী। আরজি শিরইল মৌজা-আর এস খতিয়ান-৭২ আর এস দাগনং-১৭ ২২নং ওয়ার্ড সিটি কর্পোরেশন, হোল্ডিং নং-৩২৫। উল্লেখিত বিষয়ে সরেজমিন পরিদর্শন করে সমস্যা সমাধানে করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। রাজশাহী জেলার সাগরপাড়ায় অবস্থিত মহানগর মুক্তিযোদ্ধা সংসদ ভবনের ত্রুটিপূর্ণ কাজের বিষয়ে সরেজমিন পরিদর্শন করে সমস্যা সমাধানে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫	**স্বাস্থ্য বিভাগ :** পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ জানান যে, বর্তমানে তীব্র তাপদাহের কারণে হিট স্ট্রোক রোগীর সংখ্যা বাড়ছে। হিট স্ট্রোক প্রতিরোধে ঢিলেঢালা হালকা রঙের সুতি কাপড় পরা, যথাসম্ভব ঘরের ভেতরে বা ছায়াযুক্ত স্থানে থাকা, রোদে বাইরে যাওয়ার সময় টুপি, ক্যাপ অথবা ছাতা ব্যবহার করা, প্রচুর পরিমাণ পানি বা খাওয়ার স্যালাইন অথবা ফলের রস পান করা এবং দীর্ঘ সময় রোদে ঘোরাঘুরি না করার বিষয়ে সভায় আলোচনা করেন। হিট স্ট্রোকের লক্ষণ দেখা দিলে রোগীকে দ্রুত হাসপাতালে নেয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সঠিক চিকিৎসা নেওয়ার পর বেশির ভাগ রোগীই সম্পূর্ণ সুস্থ হয়ে ওঠে। হিট স্ট্রোক প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। ভুল স্যালাইন দেওয়ার কারণে প্রসূতির মৃত্যু হয়েছে মর্মে সভা আলোচনা করা হয়। অধিক সতর্কতা অবলম্বন করে চিকিৎসা সেবা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। হিট স্ট্রোক প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালাতে হবে। ২। হিট স্ট্রোকে আক্রান্ত হলে রোগীকে দ্রুত হাসপাতালে নেয়ার পরামর্শ প্রদান করতে হবে। ৩। অধিক সতর্কতা অবলম্বন করে চিকিৎসা সেবা প্রদান করতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী

৬	**রাজশাহী ওয়াসা:** প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী ওয়াসা জানান যে, "রাজশাহী ওয়াসা ভূ-উপরিস্থিত পানি শোধনাগার" শীর্ষক প্রকল্পের কাজ বর্তমানে মাঠ পর্যায়ে গোদাগাড়ী (WTP-এ) ও কাশিয়াডাঙ্গা (BPS-এ) তে চলমান আছে। উক্ত প্রকল্পের আওতায় Transmission Pipe Line গোদাগাড়ী হতে কাশিয়াডাঙ্গা পর্যন্ত ২৬.৫ km স্থাপনের লক্ষ্যে সড়কের Row ব্যবহারের অনুমতি RHD রাজশাহী হতে শীঘ্রই পাওয়ার বিষয়টি নিশ্চিত করা হয়। এক্ষেত্রে রাজশাহী ওয়াসা ও RHD রাজশাহী এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) অনুযায়ী কাশিয়াডাঙ্গা হতে গোদাগাড়ী মহাসড়কে Transmission Pipe Line স্থাপনের লক্ষ্যে সড়কের ROW- তে অবৈধ স্থাপনা উচ্ছেদের ক্ষেত্রে RHD রাজশাহী ও স্থানীয় প্রশাসনের সহযোগিতা প্রয়োজন। সড়ক ও মহাসড়কের জমিতে গড়ে উঠা অবৈধ স্থাপনায় থাকা ইউটিলিটি লাইন (পানি, বিদ্যুৎ, গ্যাস) বিচ্ছিন্নকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। খরা মৌসুমে বর্তমানে সকাল ৬:৩০ মিঃ হতে সন্ধ্যা ৬:৩০ মিঃ পর্যন্ত মোট ১২ ঘন্টা মহানগরীতে (১১১ টি) পাম্প ও ১টি WTP-এর মাধ্যমে ১৩০.৪৪ MLD চাহিদার বিপরীতে ১০৭.০৪ MLD পানি সরবরাহ করা হয়। বিদ্যুৎ বিভ্রাটের কারণে পানি সরবরাহ বিঘ্নিত হচ্ছে। এছাড়াও GWT নীচে নেমে যাওয়ার কারণে উৎপাদন হ্রাস পেয়েছে। চাহিদার সাথে সামঞ্জস্য রেখে পাম্প পরিচালনার সময়সূচী আরো বৃদ্ধি করা হয়েছে। সন্ধ্যা ৬:৩০ টার পরিবর্তে রাত ৮:০০ পর্যন্ত মোট ১২ ঘন্টার পরিবর্তে ১৩:৩০ ঘন্টা বৃদ্ধিসহ নতুন পাম্প চালুকরণের মাধ্যমে খরা মৌসুমে পানি সরবরাহ স্বাভাবিক রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	১। সড়ক ও মহাসড়কের জমিতে গড়ে উঠা অবৈধ স্থাপনায় ইউটিলিটি লাইন (পানি, বিদ্যুৎ, গ্যাস) সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। ১। কাশিয়াডাঙ্গা হতে গোদাগাড়ী মহাসড়কে রজশাহী ওয়াসার Transmission Pipe Line স্থাপনে সড়কের ROW-তে গড়ে উঠা অবৈধ স্থাপনা উচ্ছেদে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।	১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা ২। জেলা প্রশাসক, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী
৭	**পদ্মাপাড়ের অবৈধ স্থাপনা উচ্ছেদ:** পদ্মাপাড়ের খাস জমিতে গড়ে উঠা অবৈধ স্থাপনা উচ্ছেদের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অবৈধ স্থাপনায় ইউটিলিটি লাইন (পানি, বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন লাইন) নতুন করে সংযোগ না দেওয়া এবং যে সমস্ত অবৈধ স্থাপনায় আগে থেকে সংযোগ দেওয়া আছে সেগুলো জরুরি ভিত্তিতে বিচ্ছিন্নকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। খাস জমি ব্যক্তি মালিকানায় ব্যবহারকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ অর্থাৎ সর্বোচ্চ জরিমানা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। পদ্মাপাড়ের খাস জমিতে গড়ে উঠা অবৈধ স্থাপনায় ইউটিলিটি লাইন (পানি, বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন লাইন) সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। ২। খাস জমি ব্যক্তি মালিকানায় ব্যবহারকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ অর্থাৎ সর্বোচ্চ জরিমানা করতে হবে।	১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা ২। জেলা প্রশাসক, রাজশাহী ৩। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী ৪। বিভাগীয় প্রকৌশলী (ফোন্স), বিটিসিএল, রাজশাহী বিভাগ, রাজশাহী
৮	**প্রাথমিক এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ:** সভায় কিশোর গ্যাং বিষয়ে আলোচনা করা হয়। সাম্প্রতিক সময়ে কিশোর গ্যাং নামক বিষফোঁড়া আমাদের সমাজে পচন ধরিয়েছে। এলাকায় অধিপত্য বিস্তার, সিনিয়র-জুনিয়র দ্বন্দ্ব, প্রেম নিয়ে বিরোধ, মাদকদ্রব্যসহ নানা অপরাধে অনেক কিশোর-তরুণ জড়িয়ে পড়ছে। সমাজের সর্বত্র, বিশেষ করে বড় শহরে নগর সভ্যতার বাইপ্রোডাক্ট হিসেবে গড়ে উঠছে এই ভয়ংকর ব্যাধি। যে শিক্ষা প্রতিষ্ঠানে কিশোর গ্যাং পাওয়া যাবে, সে শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। কিশোর গ্যাং নামক ব্যাধি নির্মূলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। যে শিক্ষা প্রতিষ্ঠানে কিশোর গ্যাং পাওয়া যাবে, সে শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিতে হবে। ২। কিশোর গ্যাং নির্মূলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী
৯	**আঞ্চলিক নির্বাচন অফিস:** ৮ মে ২০২৪ উপজেলা নির্বাচনে অংশগ্রহণকারী কোনো প্রার্থীকে বিশেষ সুযোগ-সুবিধা প্রদান না করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছেন। কোনো প্রার্থী বিশেষ সুযোগ-সুবিধা নিলে তার প্রার্থীতা বাতিল করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। কোনো প্রার্থীকে কেউ বিশেষ সুযোগ-সুবিধা দিয়ে সহযোগিতা করলে তার বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। কোনো প্রার্থী বিশেষ সুযোগ-সুবিধা নিলে তার প্রার্থীতা বাতিল করতে হবে। ২। কোনো প্রার্থীকে কেউ বিশেষ সুযোগ-সুবিধা দিয়ে সহযোগিতা করলে তার বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল

১০	**খাদ্য বিভাগ:** আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, চালের দাম সহনশীল ও যৌক্তিক পর্যায়ে রাখতে খাদ্য মন্ত্রণালয় ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখে ১৩.০০.০০০০.০৪৩.০১.০০১.১৭.৩১ নং স্মারকে একটি পরিপত্র জারি করেছে। চালের বস্তায় ধানের জাতের নাম, প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম, জেলা ও উপজেলার নাম, নিট ওজন, উৎপাদনের তারিখ ও মিল গেট মূল্য লেখা বাধ্যতামূলক করেছে সরকার। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট আইন অনুযায়ী জেল-জরিমানা করার নির্দেশনা রয়েছে। মিনিকেট নামে যেহেতু কোনো ধান নেই, সেহেতু বাজারে এ নামে কোনো চাল থাকতে পারবে না। তিনি আরো জানান যে, আমন ২০২৩-২০২৪ অর্থ বছরের আওতায় রাজশাহী বিভাগের চাল সংগ্রহের মোট লক্ষ্যমাত্রা (অতিরিক্তসহ) =১১৭১০০.১৩০ মে.টন। চূড়ান্ত সংগ্রহ =১১৪৩২৪.১৯০(৯৮.৬৫ %)মে. টন। বিভাগের ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা=৩১৫৫৬ মে.টন। চূড়ান্ত সংগ্রহ=৩৪৮২.৮০০(১১.০৪%)মে. টন। ধান সংগ্রহ কম হওয়ায়, তা বাড়ানোর জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক জানান যে, সরকারি মূল্যের চেয়ে বাজারে দাম বেশি হওয়ায় কৃষকরা সরকারি গুদামে ধান না দিয়ে বাজারে বিক্রি করছে। ধান সংগ্রহের ক্ষেত্রে সরকারি শর্তসমূহ সহজ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। চাল উৎপাদনকারী মিলারগণ পরিপত্রের নির্দেশনা অনুসরণ করছে কিনা তা মনিটর করতে হবে। ২। পরিপত্রের নির্দেশনা অমান্যকারী মিলারগণের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। ধান সংগ্রহ আরো জোরদার করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১১	**কৃষি বিভাগ:** অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, বিদ্যুৎ বিভাগের সহযোগিতায় ধান, আলুসহ অন্যান্য ফসলের আবাদ ভালো হয়েছে। কিন্তু তীব্র তাপদাহের কারণে ঝরে পড়ছে আম ও লিচুর গুটি। তাপমাত্রার পারদ ৪১ ডিগ্রি ছাড়িয়ে যাওয়ায় আম ও লিচুর বাগান মালিকদের মধ্যে ফলন নিয়ে হাহাকার বিরাজ করছে। এমনিতেই এ বছর বাগানে আমের মুকুল এসেছে কম। এর উপর তীব্র তাপদাহে আমের গুটি ঝরে পড়ছে। এ অবস্থায় ফলন কতটুকু পাবেন এ নিয়ে বেশ ভাবনায় পড়েছেন বাগান মালিকরা। একই অবস্থা লিচুর বাগানগুলোতেও। সেখানেও খরার কারণে ঝরে পড়ছে গুটি। বাগানে বাড়তি পরিচর্যাতেও মিলছে না প্রতিকার। এ অবস্থায় আম ও লিচুর গুটি ঝরে পড়া রোধে বাগানে সকাল ও বিকেলে নিয়মিত পানি দেওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ২/৩ ফসলি জমিতে পুকুর খনন না করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। তীব্র তাপদাহের কারণে আম ও লিচুর গুটি ঝরে পড়া রোধে বাগানে সকাল ও বিকেলে নিয়মিত পানি দেওয়ার পরামর্শ প্রদান করতে হবে। ২। ২/৩ ফসলি জমিতে পুকুর খনন করা যাবে না।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল/ বগুড়া অঞ্চল
১২	**বনবিভাগ:** বনবিভাগের আলোচনায় জানানো হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ব্যক্তিগত পর্যায়ে ৩টি এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে ৩টি মোট ৬টি ক্যাটাগরিতে জাতীয় পরিবেশ পদক প্রদান করা হচ্ছে। পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অনেক ছাদ বাগান, শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষ রোপন, নার্সারি প্রভৃতি কার্যক্রম গ্রহণ করছে। বেশি বেশি ফলের গাছ লাগানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া তাঁর অগ্রগতিতে জানান যে, চলতি অর্থ বছরে জনগণের মাঝে সরকার নির্ধারিত স্বল্পমূল্যে বিক্রয়/বিতরণের জন্য এস.এফ.এন.টি.সি ও এস.এফ.পি.সি.তে পর্যাপ্ত পরিমাণ ফলের চারা উত্তোলন কার্যক্রম চলমান আছে। বাঁধের ধারে, সংযোগ সড়ক, সড়ক ও জনপথের রাস্তার ধারে বনায়নে বেশি বেশি ফলের চারা লাগানোর জন্য সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষক(সকল) ও ভারপ্রাপ্ত কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে।	১। পরিবেশ উন্নয়নে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে বেশি বেশি ফলের গাছ লাগাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
১৩	**গণপূর্ত বিভাগ:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগে মোট বরাদ্দকৃত মডেল মসজিদের সংখ্যা ৭৬টি। তন্মধ্যে ৫০টি মডেল মসজিদ উদ্বোধন করা হয়েছে। মে ২০২৪ মাসে আরো ৬টি মডেল মসজিদ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হবে। রাজশাহী বিভাগে নির্মাণাধীন অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ দ্রুতগতিতে সম্পন্ন হচ্ছে।	১। অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী

১৪	**সড়ক বিভাগ:** সড়ক দুর্ঘটনা এড়াতে ফিটনেসবিহীন গাড়ির তালিকা করা এবং ফিটনেসবিহীন গাড়ি রাস্তায় চলতে না দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। দেশে ভুয়া লাইসেন্সধারী চালকের সংখ্যাও অনেক। ফিটনেসবিহীন গাড়ির বিকট শব্দ ও কালো ধোঁয়া পরিবেশ দূষিত করছে। ফলে মানুষের নানা অসুখ-বিসুখ হচ্ছে। এসব লক্কড়ঝক্কড় গাড়িতে যেতে যাত্রীদেরও চরম ভোগান্তি হয়।	১। সড়ক দুর্ঘটনা এড়াতে ফিটনেসবিহীন গাড়ি রাস্তায় চলতে দেওয়া যাবে না। ২। ফিটনেসবিহীন গাড়ির তালিকা করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন।
১৫	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে রাজশাহী বিভাগে বরাদ্দকৃত ৫,৭১১টির মধ্যে ৪,৬৭১টি নলকূপ হস্তান্তর করা হয়েছে। উপজেলা পরিষদের চাহিদা মাফিক অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ চলমান আছে।	১। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল
১৬	**বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:** আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কোরবানির পশুর চামড়া সংরক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। চামড়া সংরক্ষণের জায়গা একটু উঁচু ও ঢালু হতে হবে, যাতে চামড়া থেকে পানি ও রক্ত সহজেই গড়িয়ে যেতে পারে। লবণ দেওয়া চামড়া এমন জায়গায় রাখতে হবে যেন রোদ-বৃষ্টি বা পানি না লাগে ও আলো বাতাস চলাচলের স্বাভাবিক ব্যবস্থা থাকে। পশু কোরবানির আগেই প্রয়োজনীয় পরিমাণ লবণ কাছের ডিলার/পাইকারি লবণ বিক্রেতার কাছ থেকে সংগ্রহ করে রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। চামড়া ছাড়ানোর পর লবণ দিয়ে সংরক্ষণের পূর্বে অবশ্যই চামড়ায় লেগে থাকা চর্বি, মাংস, রক্ত, মাটি এবং গোবর ভালোভাবে পানি দিয়ে ধুয়ে চামড়ার পানি ঝরিয়ে লবণ প্রয়োগ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। কোরবানির পশুর বর্জ্য দ্রুত অপসারণ করে পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। যথাযথ প্রক্রিয়ায় কোরবানির পশুর চামড়া সংরক্ষণ করতে হবে। ২। কোরবানির পশুর বর্জ্য দ্রুত অপসারণ করে পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী ৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী
১৭	**মৎস্য বিভাগ:** উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, তীব্র তাপদাহে খালবিল, পুকুর শুকিয়ে যাচ্ছে। দীর্ঘদিন বৃষ্টির দেখা নেই। পুকুরের পানি কমে যাওয়ায় পানির তাপমাত্রা বেড়ে যাচ্ছে। এর ফলে মৎস্য চাষিরা বিভিন্ন সম্মুখীন হচ্ছে। তীব্র তাপদাহে পুকুরের মাছ রক্ষায় পুকুরে পানি সরবরাহে সহযোগিতা করতে সভায় উপস্থিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী এর দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি আরো জানান যে মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে ফেব্রুয়ারি, ২০২৪ মাস পর্যন্ত ৩৫৫৫টি মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা হয় যার মধ্যে ৪৩২টি মোবাইল কোর্ট, ৩১৩৪টি অভিযানসহ মোট ২৯২টি মামলা, ১২৩ জনের জেল এবং ১৪.৯২৭ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষের সাথে জড়িত ৮৬৭৪ জন চাষীকে প্রশিক্ষণ ও ১০৮৩১ জন চাষীকে পরামর্শ প্রদান করা হয়েছে।	১। তীব্র তাপদাহে পুকুরের মাছ রক্ষায় পুকুরে পানি সরবরাহে সহযোগিতা করতে হবে। ১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী ৩। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ

১৮	**ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:** উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ০১ ফেব্রুয়ারি থেকে ২৮ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ২৬৯টি বাজার অভিযানের মাধ্যমে ৭৫৮টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ৭৪,৩৩,৭৫০/- (চুয়াত্তর লক্ষ তেত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। একই বাণিজ্যিক প্রতিষ্ঠানে দুই প্রতিষ্ঠান কর্তৃক জরিমানারোধে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক বাজার অভিযানে যাওয়ার আগে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিতকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে কেউ যেন মূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে কেউ যেন মূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করতে হবে। ২। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক বাজার অভিযানে যাওয়ার আগে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে অবহিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী
১৯	**সমাজসেবা অফিস:** পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, হিজড়া ভাতাসহ অন্যান্য ভাতা প্রদান করা হয়ে থাকে। এই ভাতাভোগীদেরকে সর্বজনীন পেনশন স্কিমের আওতায় আনার জন্য সভায় আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, রাজশাহী বিভাগের সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ২০২৩-২৪ অর্থ বছরে ১ম, ২য় ও ৩য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে।	১। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, হিজড়া ভাতাসহ অন্যান্য ভাতাভোগীদের সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণের জন্য উৎসাহিত করতে হবে। ২। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী
২০	**এইচএসটিটিআই:** পরিচালক, এইচএসটিটিআই, রাজশাহী জানান যে, গাড়ি ও হোস্টেল একোমোডেশনে কিছু সমস্যা আছে। মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান এবং ১০ জন অভিভাবকের অংশগ্রহণে ০৫ দিন ব্যাপী অটিজম প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। শিশু-কিশোর এবং তাদের উন্নয়নের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে সেরা ব্যক্তি ও প্রতিষ্ঠানকে “শেখ রাসেল পদক” প্রদান করা হচ্ছে। এই পদকের জন্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে যথাযথভাবে নির্ধারিত অনলাইন ফরম পূরণের মাধ্যমে আবেদন দাখিল করতে হয়। কিন্তু এ বছর আবেদনের সংখ্যা অনেক কম। শেখ রাসেল পদকের জন্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে উৎসাহিত করে আবেদন সংখ্যা বৃদ্ধি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সময় উপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের দক্ষতা বৃদ্ধির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। “শেখ রাসেল পদক” এর জন্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে উৎসাহিত করে আবেদন সংখ্যা বৃদ্ধি করতে হবে। ২। সময় উপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের দক্ষতা বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।	১। বিভাগীয় দপ্তর প্রধানগণ ২। জেলা প্রশাসক(সকল) রাজশাহী বিভাগ ৩। পরিচালক, এইচএসটিটিআই, রাজশাহী
২১	**বিএমডিএ:** তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, নির্বাহী পরিচালক(ভারপ্রাপ্ত), বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ২০২৩-২৪ অর্থ বছরে রাজশাহী বিভাগে ২.২৯ লক্ষ হেক্টর জমিতে ৯১৮১টি গভীর নলকূপ, ৩১৫টি এলএলপি এবং ৩৪৫টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে আউশ ও আমন মৌসুমে সেচ প্রদান করা হয়েছে। বোরো মৌসুমে ৩.৭৬ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এখন পর্যন্ত ৯৭৮৫টি গভীর নলকূপ, ৪৩১টি এলএলপি এবং ৩৫২টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে প্রায় ৩.৮০ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। চলতি বোরো মৌসুমে জমিতে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সকল সেচযন্ত্রগুলো সার্বক্ষণিক সচল রাখাসহ প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল মজুদ রাখা হয়েছে। ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহের লক্ষ্যে সেচযন্ত্রগুলোতে অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহের লক্ষ্যে সেচযন্ত্রগুলোতে অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী

২২	**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:** উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী জানান যে, অনেক সময় তীব্র তাপদাহের কারণে অগ্নি দুর্ঘটনা ঘটে থাকে। জেলা প্রশাসক, রাজশাহী জানান যে, ২৩ এপ্রিল ২০২৪ পবা উপজেলার চর শ্যামপুর পানি শোধনাগার সংলগ্ন পদ্মানদীতে গোসল করতে নেমে ৩ শিশু শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। পরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী এর ডুবুরি দল অভিযান চালিয়ে ৩ জনের মরাদেহ উদ্ধার করেছে। এ বিভাগের রাজশাহী, সিরাজগঞ্জ ও বগুড়া জেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সাথে একটি স্থায়ী ডুবুরি দল রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপপরিচালক আরো জানান যে, প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জন সচেতনতামূলক প্রচার প্রচারণার অংশ হিসেবে মার্চ ২০২৪ মাসে সরকারি অফিসে ৪২টি, বেসরকারি অফিসে ১৭৫টি, বস্তিতে ১৬টি, শপিংমল/হাট বাজার/বিপণীবিতানে ১০৩টি, শিক্ষা প্রতিষ্ঠানে ৪৭টি এবং বহুতল বা বাণিজ্যিক ভবনে ২০টি মহড়া করা হয়েছে। ২৮৫টি টপোগ্রফি ও গণসংযোগ করা হয়েছে। ২৫টি বেসরকারি প্রতিষ্ঠান সার্ভে করা হয়েছে। ০৭টি বহুতল ভবন পরিদর্শন করা হয়েছে। ৫০টি বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠানে ৮৪টি প্রশিক্ষণের মাধ্যমে ২৮৯২ জনকে অগ্নি নির্বাপণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তীব্র তাপদাহের কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহীতে খাবার পানির একটি গাড়ি সংযুক্ত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী কর্তৃক সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়।	১। প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। ২। রাজশাহী, সিরাজগঞ্জ ও বগুড়া জেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সাথে একটি করে স্থায়ী ডুবুরি দল রাখতে হবে। ৩। তীব্র তাপদাহের কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহীতে খাবার পানির একটি গাড়ি সংযুক্ত করার জন্য সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী ৩। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
২৩	**যুব উন্নয়ন অফিস:** উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৩৭১৩০ জন। ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত প্রশিক্ষণের অগ্রগতি অর্জিত হয়েছে ২৮৩০২ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫৬০৪ জন। ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে ৪০১২ জনকে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। যুবদের আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
২৪	**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:** পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তি, স্টাফদের জন্য বাস সার্ভিস, মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ, সেলাই, ব্লক বাটিক, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া প্রভৃতি সেবা প্রদান করা হয়ে থাকে। প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। বিভিন্ন সভা, সেমিনার, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা, জেলা মাসিক সমন্বয় সভায় সেবাসমূহ সম্পর্কে সকলকে অবগত করা হয়। এছাড়াও কল্যাণ বোর্ডের প্রদত্ত নানাবিধ সেবার তালিকা এবং সেবা প্রদানের নিয়মাবলী সকলের অবহিতকরণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র যোগাযোগ করা হয়েছে।	১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা চালাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী

২৫	**বিবিধ:** নিয়োগ পরীক্ষাসহ অন্যান্য পরীক্ষায় মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা হলে প্রবেশ করতে না দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়েও গুরুত্বারোপ করা হয়। স্কুল ও মাদ্রাসায় নিয়োগের ক্ষেত্রে জেলা প্রশাসকদের সম্পৃক্ত করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি জনপ্রিয় পত্রিকায় প্রকাশ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া প্রক্সি ক্যান্ডিডেট বাদ দেওয়ার বিষয়েও সভায় আলোচনা করা হয়। পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়াসহ এ বিভাগের বিভিন্ন জেলায় কৃষকের সেচ পাম্পের মিটার, চালকল মালিকের মিটার ও বাস-বাড়ির মিটার চুরির প্রবণতা বেড়ে গেছে। বৈদ্যুতিক এই মিটার চুরিরোধে এলাকা এলাকায় মাইকিং, লিফলেট বিতরণ এবং IP Camera বসানোসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। স্কুল ও মাদ্রাসায় নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসককে সম্পৃক্ত করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। ৩। বৈদ্যুতিক মিটার চুরিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা ২। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ ৩। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী
২৬	**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):** এ বিভাগের সকল দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬-০৫-২০২৪

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০৫.২৩.১০৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর;
৫। উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী;
৬। মহাপরিচালক, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;
৭। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা;
৮। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মহাব্যবস্থাপক এর দপ্তর , মহাব্যবস্থাপক (পশ্চিম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, রাজশাহী;
৯। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী;
১০। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী;
১১। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ;

১২। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৫। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয় , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
১৬। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া;
১৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন;
১৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন;
১৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী;
২০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর;
২১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ;
২২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ;
২৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
২৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
২৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
২৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট;
২৭। অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী;
২৮। উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ;
২৯। প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী;
৩০। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া;
৩১। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী;
৩২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩৪। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী;
৩৫। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, শেরপুর, বগুড়া;
৩৬। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যালয়, বগুড়া;
৩৭। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী;
৩৮। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী;
৩৯। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া;
৪০। অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা;
৪১। অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ;
৪২। অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ;
৪৩। মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী;
৪৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী;
৪৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী;
৪৬। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪৭। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী;
৪৮। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী;
৪৯। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী;
৫০। পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী;
৫১। পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী;
৫২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী;
৫৩। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী;
৫৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী;
৫৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;

৫৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী;
৫৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর;
৫৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ;
৫৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ;
৬০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা;
৬১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ;
৬২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
৬৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট;
৬৪। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী;
৬৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৬৬। উপপরিচালক (চলতি দায়িত্ব), বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী;
৬৭। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৬৮। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৬৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৭০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৭১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী;
৭২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া;
৭৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী;
৭৪। আঞ্চলিক প্রকল্প পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী;
৭৫। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী;
৭৬। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া;
৭৭। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৭৮। যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৭৯। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ;
৮০। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৮১। উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী;
৮২। উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৮৩। জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী;
৮৪। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা;
৮৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া;
৮৬। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী;
৮৭। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী;
৮৮। উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী;
৮৯। উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী;
৯০। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী;
৯১। উপপরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী;
৯২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯৩। বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রাজশাহী;
৯৪। সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯৫। পরিদর্শক, পরিদর্শক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর;
৯৬। কমিশনারের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং
৯৭। নাজির (অফিস), নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০৭-০৫-২০২৪
তরফদার মোঃ আক্তার জামীল
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)